

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)



নং-৩৪.০১.০০০০.০০৫.১৮.১২১.১৪-৮৭৫


তারিখ : ০৬/৮/২০২২খ্রিঃ।

অফিস আদেশ

প্রায়শ: লক্ষ্য করা যাচ্ছে যে, মহাপরিচালকের কার্যালয়ের কোনো কোনো কর্মকর্তা/কর্মচারী বিলম্বে অফিসে আগমন করছেন। অফিস চলাকালীন কর্তৃপক্ষের অগোচরে মাঝে মাঝে অন্যত্র গমন করছেন। ফলে দাপ্তরিক জরুরি কার্যক্রম সম্পাদনে বিঘ্ন ঘটছে, যা অপ্রত্যাশিত ও অনাকাঙ্ক্ষিত। এ প্রেক্ষাপটে মহাপরিচালকের কার্যালয়ের প্রত্যেক শাখার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে পরিচালক/প্রকল্প পরিচালক তাঁর নিজের এবং তাঁর শাখাধীন কর্মকর্তা ও কর্মচারীর সঠিক সময়ে অফিসে উপস্থিতি ও অফিস ত্যাগ সংক্রান্ত বিষয়টি কঠোরভাবে মনিটরিংপূর্বক নিশ্চিত করবেন।

০২। এমতাবস্থায়, অফিসে উপস্থিতি ও অফিস ত্যাগ সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের ক্ষেত্রে কোনরূপ ব্যত্যয় ঘটলে সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। বিষয়টি জরুরি।

  
( মোঃ আজহারুল ইসলাম খান )  
মহাপরিচালক(গ্রেড-১)  
ফোন : ২২৩৩৮৯৩৮৯

বিতরণ :

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক .....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, মহাপরিচালকের কার্যালয়, ঢাকা।
- ০৫। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। ডেপুটি কো-অর্ডিনেটর/সহকারী পরিচালক(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, মহাপরিচালকের কার্যালয়, ঢাকা।
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা/নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী প্রকৌশলী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। উপ-সহকারী প্রকৌশলী/গ্রাফিক ডিজাইনার/প্রশাসনিক কর্মকর্তা কাম-হিসাব রক্ষক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৯। .....(সকল কর্মচারী), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১০। অফিস কপি।